# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ৩য় সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩ ফাল্গুন ১৪২৫, ১৫ ফেব্রুয়ারি ২০১৯


## অমর একুশে পালন উপলক্ষে সমন্বয় কমিটির সভা

যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের লক্ষ্যে অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি এবং বিভিন্ন উপ-কমিটির এক যৌথ সভা গত ৬ ফেব্রুয়ারি ২০১৯ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটির সমন্বয়কারী ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, যুগ্ম-সমন্বয়কারী ও শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, যুগ্ম-সমন্বয়কারী ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সদস্য-সচিব ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী সহ বিভিন্ন অনুষদের ডীন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন উপ-কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিব উপস্থিত ছিলেন।

সভায় যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের সার্বিক প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয় এবং বিভিন্ন উপ-কমিটির কার্যক্রম পর্যালোচনা করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রেখে সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা চান। স্ব স্ব দায়িত্ব সঠিকভাবে পালনের মাধ্যমে এ উপলক্ষে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

## এস এন বোস-এর জন্মবার্ষিকী উপলক্ষে দিনব্যাপী সেমিনার

বিশ্ববরেণ্যে বিজ্ঞানী সত্যেন্দ্র নাথ বোসের ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষে দিনব্যাপী এক সেমিনার গত ২৭ জানুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বোস সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সায়েন্সেস এই সেমিনারের আয়োজন করে।

সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সুপ্রিয়া সাহার সভাপতিত্বে সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. কামরুল হাসান। ঢাকা বিশ্ববিদ্যালয় তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম আরশাদ মোমেন, রসায়ন বিভাগের ইউজিসি অধ্যাপক ড. এম মুহিবুর রহমান এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. সুব্রত মজুমদার আলোচনায় অংশ নেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষক ও শিক্ষার্থীদের যৌথভাবে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন। তিনি প্রয়াত বিজ্ঞানী অধ্যাপক এস এন বোসের আদর্শ অনুসরণ করে বৈজ্ঞানিক গবেষণা পরিচালনার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর মাত্র কয়েক বছরের মধ্যেই অধ্যাপক এস এন বোস তাঁর অসাধারণ গবেষণা কার্যক্রমের মাধ্যমে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বাঙ্গণে পরিচিত করে তোলেন। গণিত, পদার্থসহ বিজ্ঞানের মৌলিক বিষয়ে গবেষণার ক্ষেত্রে অসামান্য পারদর্শিতার জন্য তিনি নোবেল বিজয়ী বিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইনের নজর কাড়েন। পরবর্তীতে তিনি আইনস্টাইনের সঙ্গে যৌথ গবেষণার সুযোগ লাভ করেন। তাঁদের উদ্ভাবিত "বোস-আইনস্টাইন তত্ত্ব" বিজ্ঞানের মৌলিক গবেষণার জগতে নতুন দিগন্ত উন্মোচন করে। এই তত্ত্বই অধ্যাপক এস এন বোসকে অমর করে রেখেছে। অধ্যাপক এস এন বোসের নামানুসারে বিশ্বের অর্ধেক কণাকে 'বোসন্‌স' হিসাবে রাখা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, অধ্যাপক এস এন বোস ১৮৯৪ সালে ১ জানুয়ারি জন্মগ্রহণ করেন এবং ১৯৭৪ সালের ৪ ফেব্রুয়ারি পরলোক গমন করেন।



যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ পালনের লক্ষ্যে অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি এবং বিভিন্ন উপ-কমিটির এক যৌথ সভা গত ৬ ফেব্রুয়ারি ২০১৯ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে গত ৫ ফেব্রয়ারি ২০১৯ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অফিস সংলগ্ন আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত এ সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, চীফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান, রিটার্নিং অফিসারগণ, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

## ডাকসু ও হল সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা



গত ১১ ফেব্রুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান আনুষ্ঠানিকভাবে এই তফসিল ঘোষণা করেন। এসময় হল সংসদের সভাপতি ও প্রাধ্যক্ষবৃন্দ এবং রিটার্নিং অফিসারগণ উপস্থিত ছিলেন।

এদিন স্ব স্ব হল কর্তৃপক্ষ হল সংসদ নির্বাচনের তফসিলও ঘোষণা করেন।

তফসিল অনুযায়ী আগামী ১১ মার্চ ২০১৯ সোমবার সকাল ৮টা থেকে অপরাহ্ন ২টা পর্যন্ত একটানা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের ভোট গ্রহণ করা হবে। ভোটারগণ (আবাসিক ও অনাবাসিক) নিজ নিজ হলের ভোট কেন্দ্রে বৈধ পরিচয় পত্র দেখিয়ে ভোট প্রদান করবেন।

তফসিল অনুযায়ী মনোনয়নপত্র আগামী ১৯ ফেব্রুয়ারি সকাল ১০টা থেকে ২৫ ফেব্রুয়ারি ২০১৯ বিকাল ৪টা পর্যন্ত বিতরণ করা হবে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় হচ্ছে আগামী ২৬ ফেব্রুয়ারি ২০১৯ সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। ২৬ ফেব্রুয়ারি দুপুর ২টা থেকে মনোনয়নপত্র বাছাই করা হবে। ২৭ ফেব্রুয়ারি ২০১৯ দুপুর ১২টায় প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত তালিকার বিষয়ে কোন প্রার্থীর আপত্তি থাকলে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ দুপুর ১২টার মধ্যে তা ডাকুস'র সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নিকট লিখিতভাবে অবহিত করতে হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ আগামী ২ মার্চ ২০১৯ দুপুর ১টা পর্যন্ত।

আগামী ৩ মার্চ ২০১৯ বিকাল ৪টায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

উল্লেখ্য, এই নির্বাচন সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ducsu.du.ac.bd ওয়েব সাইটে এবং হলের নোটিশ বোর্ডে দেখা যাবে।

## পদার্থবিজ্ঞান বিষয়ক জাতীয় সম্মেলন

বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটি'র উদ্যোগে পদার্থবিজ্ঞান বিষয়ক ৩-দিন ব্যাপী জাতীয় সম্মেলন গত ৭ ফেব্রুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মেলন উদ্বোধন করেন। এ বছর সম্মেলনের প্রতিপাদ্য ছিল "Physics in Bangladesh: Legacy of SN Bose".

বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটি'র সভাপতি অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ ফিজিক্যাল (২য় পৃষ্ঠায় দেখুন)




বিশ্ববরেণ্যে বিজ্ঞানী সত্যেন্দ্র নাথ বোসের ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষে দিনব্যাপী এক সেমিনার গত ২৭ জানুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

## ডাকসু নির্বাচন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে গত ৫ ফেব্রয়ারি ২০১৯ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অফিস সংলগ্ন আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত এ সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, চীফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান, রিটার্নিং অফিসারগণ, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের সার্বিক প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের সার্বিক প্রস্তুতিতে সন্তোষ প্রকাশ করেন এবং সুষ্ঠুভাবে এই নির্বাচন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চান।

সভায় চীফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের সর্বশেষ অগ্রগতি, প্রস্তুতি ও করণীয় সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি সুন্দর ও সুষ্ঠুভাবে এ নির্বাচন পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

## ডাকসু'র গঠনতন্ত্রের কয়েকটি অনুচ্ছেদের সংশোধন ও আচরণবিধি প্রণয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের গঠনতন্ত্রের কয়েকটি অনুচ্ছেদ সংশোধন ও পরিমার্জন করা হয়েছে। গত ২৯ জানুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় গঠনতন্ত্রের এই সংশোধন ও পরিমার্জন করা হয়।

গঠনতন্ত্রের যে সব অনুচ্ছেদ সংশোধন করা হয়েছে তা হলো:

১. (ক) যে সকল শিক্ষার্থী ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে অনার্স/মাস্টার্স/এমফিল পর্যায়ে অধ্যয়নরত আছে এবং যারা বিভিন্ন আবাসিক হলে আবাসিক/অনাবাসিক শিক্ষার্থী হিসেবে সংযুক্ত রয়েছে এবং নির্বাচনের তফসিল ঘোষণার তারিখে যাদের বয়স কোনক্রমেই ৩০ বছরের অধিক হবে না, কেবলমাত্র তারাই ডাকসু ও হল সংসদ নির্বাচনে ভোটার হতে পারবে। সকল ভোটারই প্রার্থী হওয়ার যোগ্যতা রাখে।

উপরোক্ত শিক্ষার্থীরা ব্যতিত অন্য যারা সান্ধ্যকালীন বিভিন্ন কোর্স/ প্রোগ্রাম/ প্রফেশনাল/ এক্সিকিউটিভ/ স্পেশাল মাস্টার্স/ ডিপ্লোমা/ এমএড/ পিএইচডি/ ডিবিএ/ ল্যাঙ্গুয়েজ কোর্স/ সার্টিফিকেট কোর্স অথবা এ ধরনের অন্যান্য কোর্সে অধ্যয়নরত আছে তারা ভোটার হতে পারবে না।

(খ) ৩০ বছরের উর্ধ্ব শিক্ষার্থীরা যে কোর্সেই অধ্যয়ন করুক না কেন, তারা ভোটার হতে পারবে না।

(গ) সরকারি/বেসরকারি অথবা দেশে বা বিদেশের যে কোনো প্রতিষ্ঠানে কর্মরত কোনো শিক্ষার্থী ভোটার হতে পারবে না।

(ঘ) অধিভুক্ত ও উপাদানকল্প (affiliated & constituent) কলেজের কোনো শিক্ষার্থী ভোটার হতে পারবে না।

২. গঠনতন্ত্রের/প্রচলিত নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট আবাসিক হলেই ভোট কেন্দ্র স্থাপন করা হবে।

৩. সময়ের চাহিদা বিবেচনায় ডাকসু ও হল সংসদে কয়েকটি সম্পাদক ও সদস্য পদ সৃষ্টি করা হয়েছে।

৪. কতিপয় সংশোধনী ও পরিমার্জন সাপেক্ষে ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধিও সিন্ডিকেট সভায় অনুমোদন দেওয়া হয়েছে।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৩ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মফিজুর রহমান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত ৬ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্রিকেট লীগের উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষক ক্রিকেট লীগের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ, হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া প্রমুখ।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের ২৮তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হলের প্রাধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ড. শবনম জাহান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৭ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে সূর্য সেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে পুরস্কারপ্রাপ্তদের দেখা যাচ্ছে।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৪ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ২ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে শামসুন নাহার হলের ৪৫তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে বিজয়ীদের দেখা যাচ্ছে।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৬ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মাহবুবুল আলম জোয়ার্দার, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## পদার্থবিজ্ঞান বিষয়ক জাতীয় সম্মেলন

(১ম পৃষ্ঠার পর) সোসাইটি'র ফেলো অধ্যাপক ড. আর আই এম আমিনুর রশিদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটি'র সহ-সভাপতি অধ্যাপক ড. জীবন পোদ্দার। ধন্যবাদ জ্ঞাপন করেন সোসাইটির মহাসচিব অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিজ্ঞান শিক্ষাকে নতুন প্রজন্মের কাছে আরও আকর্ষণীয় করে তুলতে বাংলা ভাষায় বৈজ্ঞানিক গবেষণা পরিচালনার জন্য শিক্ষাবিদ ও পেশাজীবীদের প্রতি আহ্বান জানান। প্রখ্যাত অধ্যাপক এস এন বোস সর্বদা বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার ওপর গুরুত্বারোপ করতেন উল্লেখ করে উপাচার্য বলেন, দেশের বিজ্ঞান শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষক ও শিক্ষার্থীদের যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।

উল্লেখ্য, দেশ-বিদেশের খ্যাতিমান বিজ্ঞানীরা এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

## অধ্যাপক জাহিদ হাসান মাহমুদের মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ গত ২৯ জানুয়ারি ২০১৯ হৃদরোগে আক্রান্ত হয়ে রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি .......... রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ বিশ্ববিদ্যালয়ের একজন নিবেদিতপ্রাণ শিক্ষক ও গবেষক ছিলেন। তার কর্মকাণ্ডের মাধ্যমেই তিনি বিশ্ববিদ্যালয় পরিবারে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ-এর জন্ম ১৯৬১ সালের ৩১ ডিসেম্বর। তিনি ১৯৯১ সালের ১৩ মার্চ প্রভাষক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে যোগদান করেন। তিনি বিভিন্ন গবেষণা কর্মের সাথে সম্পৃক্ত ছিলেন। দেশ-বিদেশের বিভিন্ন জার্নালে তার অসংখ্য গবেষণা প্রবন্ধ ও নিবন্ধ প্রকাশিত হয়েছে।

অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ-এর নামাজে জানাজা বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়া'য় অনুষ্ঠিত হয়েছে।

## মোহাম্মদ আজিজুল ইসলামের মৃত্যুতে উপাচার্যের শোক

বাংলাদেশ শিক্ষক সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলামের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২ ফেব্রুয়ারি ২০১৯ এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মোহাম্মদ আজিজুল ইসলাম শিক্ষা প্রসারে ও শিক্ষকদের অধিকার আদায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে গেছেন। শিক্ষা ক্ষেত্রে তাঁর অবদান শিক্ষক সমাজ সব সময় স্মরণ রাখবে বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য আরও বলেন, মোহাম্মদ আজিজুল ইসলাম ছিলেন একজন বিনয়ী ও সদালাপী মানুষ। বাংলাদেশ শিক্ষক সমিতির নেতা হিসেবে সবসময় তিনি সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে গেছেন।

উপাচার্য মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, মোহাম্মদ আজিজুল ইসলাম গত বৃহস্পতিবার দিবাগত রাতে রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি.......রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

# বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

## মৈত্রী হল

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের ২৮তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় আছিয়া আক্তার চ্যাম্পিয়ন এবং জয়নব আক্তার ও লিপি আক্তার যৌথভাবে রানার্স-আপ হয়েছেন। গত ১ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ড. শবনম জাহান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## শামসুন নাহার হল

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলের ৪৫তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দর্শন বিভাগের ৩য় বর্ষের (সম্মান) শিক্ষার্থী সাদিয়া ইসলাম মুনা চ্যাম্পিয়ন এবং মার্কেটিং বিভাগের ৪র্থ বর্ষের (সম্মান) শিক্ষার্থী ইফরাত রানার্স-আপ হয়েছেন। গত ২ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। অনুষ্ঠানে শামসুন নাহার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## বঙ্গবন্ধু হল

ঢাকা বিশ্ববিদ্যালয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের ৪র্থ বর্ষের (সম্মান) শিক্ষার্থী মো. হারুন-অর-রশিদ চ্যাম্পিয়ন এবং অর্থনীতি বিভাগের ৪র্থ বর্ষের (সম্মান) শিক্ষার্থী সামসুল আলম রানার্স-আপ হয়েছেন। গত ৩ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মফিজুর রহমান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## জহুরুল হক হল

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের ৪র্থ বর্ষ বিবিএ (সম্মান) শ্রেণির ছাত্র আলমগীর হোসাইন চ্যাম্পিয়ন হয়েছেন এবং রানার্স আপ হয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৩য় বর্ষ বিএ (সম্মান) শ্রেণির ছাত্র আবু সাদত মুহম্মদ সাকিব। গত ৪ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## রোকেয়া হল

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হলের ৫৮তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মাইক্রোবায়োলজি বিভাগের ৩য় বর্ষ বিএস (সম্মান) শ্রেণির ছাত্রী মনিরা চৌধুরী মিলা চ্যাম্পিয়ন হয়েছেন এবং রানার্স আপ হয়েছেন সমাজ বিজ্ঞান বিভাগের ৩য় বর্ষ বিএসএস (সম্মান) শ্রেণির ছাত্রী মুমতাহিরা বাবুনী। গত ৫ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## সলিমুল্লাহ হল

ঢাকা বিশ্ববিদ্যালয় সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় নৃত্যকলা বিভাগের ২য় বর্ষ বিএ (সম্মান) শ্রেণির ছাত্র জাহিদ হাসান চ্যাম্পিয়ন হয়েছেন এবং রানার্স আপ হয়েছেন ভূগোল ও পরিবেশ বিভাগের ৪র্থ বর্ষ বিএস (সম্মান) শ্রেণির ছাত্র নাছির উদ্দিন। গত ৬ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মাহবুবুল আলম জোয়ার্দার, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## সূর্যসেন হল

ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্য সেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইতিহাস বিভাগের ৩য় বর্ষ বিএ (সম্মান) শ্রেণির ছাত্র সাব্বির আহম্মেদ চ্যাম্পিয়ন হয়েছেন এবং রানার্স আপ হয়েছেন ইসলামিক স্টাডিজ বিভাগের মাস্টার্স শ্রেণির ছাত্র রাশেদুল হাসান। গত ৭ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের পরিচিতি সভা

## অসচ্ছল ও সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের সুরক্ষার জন্য উদ্যোগ নেয়া হবে-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর অসচ্ছল ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের চিহ্নিত করার জন্য সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন সুরক্ষার জন্য উদ্যোগ গ্রহণ করা হবে। গত ২৮ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ও আইন অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর এই অনুষ্ঠানের আয়োজন করে।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন এবং আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, দেশের সেরা মেধাবী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। হতাশা, বিষণ্ণতা বা অসচ্ছলতার কারণে শিক্ষার্থীদের এই মেধাকে নষ্ট হতে দেয়া যাবে না। সব ধরণের প্রতিকূলতা মোকাবেলা করে সৎ, দেশপ্রেমিক ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

## ঢাবি'র ঐতিহ্য একটি ঐতিহাসিক পরিক্রমার মধ্য দিয়ে তৈরি হয়েছে- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাঙালি জাতি সত্তার বিকাশ এবং স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনন্য অবদান তুলে ধরে বলেছেন এই বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যদের মূল্যবোধ এক ও অভিন্ন। গত ৩০ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিভিন্ন ইনস্টিটিউট, ফার্মেসী অনুষদ এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর এই অনুষ্ঠানের আয়োজন করে।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ফার্মেসী অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, দেশের সেরা শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ লাভ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য, সুনাম ও মর্যাদা রক্ষায় স্ব স্ব অবস্থান থেকে কাজ করার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মানবিক গুণাবলী, উদার নৈতিক ও অসাম্প্রদায়িক চেতনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের মূল্যবোধ। শুধু সাংস্কৃতিক বা ধর্মীয় মূল্যবোধেই নয়, সামাজিক ও পারিবারিক মূল্যবোধেরও ধারক-বাহক এই বিশ্ববিদ্যালয়। এসব মূল্যবোধ ধারণ করে শিক্ষার্থীদের সামনে এগিয়ে যেতে হবে।

## ঢাবি পরিবারের সদস্যদের মূল্যবোধ এক ও অভিন্ন- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য একটি ঐতিহাসিক পরিক্রমার মধ্য দিয়ে তৈরি হয়েছে। গত ৩ ফেব্রুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর এই অনুষ্ঠানের আয়োজন করে।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় এই দুই অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে তোমরা লেখাপড়ার পাশাপাশি মানবিক গুণাবলী, উদার নৈতিক ও অসাম্প্রদায়িক চেতনায় উজ্জীবিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও সংস্কৃতি নিয়ে তোমরা গর্ব করবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭১-এ স্বাধীন জাতিরাষ্ট্রের জন্ম হয়েছিল এই অসাম্প্রদায়িক চেতনা থেকে, যার সূত্রপাত ঘটেছিল ১৯৫২'র ভাষা আন্দোলনের মাধ্যমে। উপাচার্য আরও বলেন, যে জাতি তার ইতিহাস ও ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল নয়, সে জাতির অগ্রযাত্রা গভীরভাবে ব্যাহত হয়। তিনি বিভিন্ন সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলায় সব সময় ছাত্র উপদেষ্টাদের সাথে যোগাযোগ রাখার জন্য নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

## ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের নবীন বরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের বিবিএ ২৫তম ব্যাচ এবং সান্ধ্যকালীন এমবিএ ৪১তম ব্যাচের শিক্ষার্থীদের 'নবীন বরণ' গত ৩০ জানুয়ারি ২০১৯ ঢাকার ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অনুষ্ঠিত হয়। ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী, এমপি এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও ইন্টারকন্টিনেন্টাল হোটেলের জেনারেল ম্যানেজার মি. জেমস্ পি. ম্যাকডোনাল্ড। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন বিভাগের এমবিএ (ইভিনিং) প্রোগ্রামের পরিচালক অধ্যাপক ড. মজিব উদ্দিন আহমেদ এবং অধ্যাপক ড. মো. আফজাল হোসেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নে পর্যটন শিল্পের বিশেষ ভূমিকা রয়েছে। এই শিল্পের উন্নয়ন ও বিকাশে ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে তারা আশা প্রকাশ করেন।

## ঢাবি এবং রাশিয়ার এমজিআইএমও ইউনিভার্সিটি'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মস্কো স্টেট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল রিলেশন্স (ইউনিভার্সিটি) অব দি মিনিস্ট্রি অব ফরেন অ্যাফেয়ার্স অব দি রাশিয়ান ফেডারেশন (এমজিআইএমও ইউনিভার্সিটি)-এর মধ্যে গত ৩০ জানুয়ারি ২০১৯ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং এমজিআইএমও ইউনিভার্সিটি'র রেক্টর অ্যানাতোলি ভি তোরকুনভ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

কোষাধ্যক্ষ অফিসে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজান্ডার ইগনাতোভ, ঢাকাস্থ রাশিয়া দূতাবাসের এটাচি আমাতুল্লা খানোভা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার এমজিআইএমও ইউনিভার্সিটি'র মধ্যে শিক্ষক, শিক্ষার্থী, গবেষক ও প্রশাসনিক কর্মকর্তা বিনিময় করা হবে। উভয় বিশ্ববিদ্যালয় অভিজ্ঞতা বিনিময় এবং প্রকাশনা ও তথ্য-উপাত্ত আদান প্রদান করবে। এই দুই বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, সিম্পোজিয়াম ও সম্মেলন আয়োজন করবে। এছাড়া, তারা যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করবে।

## উচ্চ শিক্ষায় সফলতা অর্জন শীর্ষক কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অফ এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এর আয়োজনে সম্প্রতি প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের নিয়ে "উচ্চ শিক্ষায় সফলতা অর্জনে কর্মকর্তাদের ভূমিকা" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

এসময় উপস্থিত ছিলেন সেন্টার অফ এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এর পরিচালক অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান, সেন্টারের অতিরিক্ত পরিচালক ড. এটিএম সামছুজ্জোহা এবং বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উচ্চ শিক্ষায় সফলতা অর্জনের লক্ষ্যে ধারাবাহিকভাবে এরকম কর্মশালা অব্যাহত রাখার আহ্বান জানান।

প্রশিক্ষণ কর্মশালায় বি সি এস প্রশাসন একাডেমির মেম্বার ও অতিরিক্ত সচিব মো. জাফর ইকবাল "ফাইল ম্যানেজমেন্ট" বিষয়ে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের অধ্যাপক শরিফ উল্লাহ ভূঁইয়া "কর্মকর্তার পালনীয় কোড অফ কন্ডাক্ট" বিষয়ে আলোচনা করেন। প্রশ্ন-উত্তর পর্বে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার মুহাম্মদ সেলিম।



'সকল জাতিসত্তার মাতৃভাষায় শিক্ষার অধিকার চাই' শিরোনামে ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি)-এর আয়োজনে গত ৯ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের বকুলতলায় দিনব্যাপী আদিবাসী-বাঙালি সাংস্কৃতিক উৎসব-২০১৯ অনুষ্ঠিত হয়েছে। নাট্যজন মামুনুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এমপি প্রমুখ। এসময় আদিবাসী জাতিগোষ্ঠী তাদের বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিবেশন করেন।




মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগ গত ৩ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য ভাষা পদযাত্রা বের করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পদযাত্রার নেতৃত্ব দেন। এসময় ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. সালমা নাসরীন, বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।




জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে গত ৫ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান র‌্যালির নেতৃত্ব দেন।




জাতিসংঘ ঘোষিত আন্তঃধর্মীয় সম্প্রীতি সপ্তাহ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ এবং আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্র যৌথভাবে গত ৩ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'আন্তঃধর্মীয় সম্প্রীতি র‌্যালি' বের করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান র‌্যালির নেতৃত্ব দেন। এসময় আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্রের পরিচালক ড. ফাজরীন হুদা, বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ৫ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে রোকেয়া হলের ৫৮তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে পুরস্কারপ্রাপ্তদের দেখা যাচ্ছে।




ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে গত ৭ ফেব্রুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক বটতলায় জাতিসংঘ ঘোষিত আন্তঃধর্মীয় সম্প্রীতি সপ্তাহ (ফেব্রুয়ারি ১-৭) উপলক্ষে 'সম্প্রীতির গান' শীর্ষক কনসার্টের উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্র এবং বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ-এর যৌথ আয়োজনে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের চেয়ারপার্সন ড. ফাজরীন হুদা। ব্যান্ডদল ক্ষ্যাপা, রকল্যান্ড, সেপ্টেম্বর এবং কৃষ্ণপক্ষ এই কনসার্টে অংশগ্রহণ করে।

# ঢাবি ক্যাম্পাসে জাতীয় কবিতা উৎসব



‘বাঙালির জয় কবিতার জয়’ মর্মবার্তা নিয়ে গত ১ ফেব্রুয়ারি ২০১৯ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার চত্বরে শুরু হয় দু’দিন ব্যাপী ‘জাতীয় কবিতা উৎসব ২০১৯’।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এবং জাতীয় কবিতা পরিষদের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ-এর সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য কবি আসাদ চৌধুরী। এ উৎসবে দেশ-বিদেশের অনেক বরেণ্য কবি অংশগ্রহন করেছেন।

সকালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, শিল্পাচার্য জয়নুল আবেদিন, শিল্পী কামরুল হাসানের সমাধি এবং কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের পর জাতীয় সঙ্গীত, জাতীয় পতাকা উত্তোলন, একুশের গান এবং উৎসব সঙ্গীতের মধ্য দিয়ে এবারের উৎসব শুরু হয়।

মুক্ত আলোচনা ও কবিতা পাঠ, আবৃত্তিপর্ব, সেমিনার, ছড়াপাঠ, কবিতার গান ইত্যাদি নিয়ে সাজানো হয়েছিল ‘জাতীয় কবিতা উৎসব ২০১৯’। প্রত্যেকদিন সকাল থেকে শুরু হয়ে উৎসব চলে রাত ৯টা পর্যন্ত।

উল্লেখ্য যে, স্বৈরশাসনের বিরুদ্ধে শৃঙ্খল মুক্তির ডাক দিয়ে কবিতা উৎসবের শুরু হয় ১৯৮৭ সালে। কালের পরিক্রমায় সে উৎসব আজ আন্তর্জাতিক রূপ নিয়েছে।

# মির্জা মোহাম্মদ আব্দুল্লাহ এবং বেগম বদরুন্নেসা বৃত্তি তহবিলের মূলধন বৃদ্ধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত “মির্জা মোহাম্মদ আব্দুল্লাহ এবং বেগম বদরুন্নেসা বৃত্তি তহবিল”-এর মূলধন বৃদ্ধি করা হয়েছে। এই মূলধন বৃদ্ধির লক্ষ্যে ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনের সভাপতি একে আজাদ ১০ লাখ টাকার একটি চেক গত ২৯ জানুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, মির্জা মোহাম্মদ আব্দুল্লাহ’র মেয়ে এবং ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজের স্নাতক সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত ১জন শিক্ষার্থীকে “মির্জা মোহাম্মদ আব্দুল্লাহ এবং বেগম বদরুন্নেসা স্বর্ণপদক” প্রদান করা হবে। এছাড়া, ইনস্টিটিউটের কিছু অসচ্ছল শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।

উল্লেখ্য, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনের সভাপতি একে আজাদ অনুষ্ঠানে ৫ লাখ টাকার পৃথক একটি চেক বিভাগীয় চেয়ারম্যানের কাছে হস্তান্তর করেন। “অধ্যাপক ড. শেখ শামীমুল আলম মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড”-এর তহবিল বৃদ্ধির লক্ষ্যে ১ লাখ টাকার আরেকটি চেক তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান এলামনাই এসোসিয়েশনকে প্রদান করেন।



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশনের সভাপতি একে আজাদের আদর্শ অনুসরণ করে ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন উন্নয়নে এগিয়ে আসার জন্য তিনি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

# প্রফেসর এম আর তরফদার স্মৃতি ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী



২০১৮ সালের বিএ (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ২ জন মেধাবী শিক্ষার্থীকে ‘প্রফেসর এম আর তরফদার স্মৃতি ট্রাস্ট ফান্ড বৃত্তি’ প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো. জালাল উদ্দিন ও রাজিয়া সুলতানা বীথি। গত ৩০ জানুয়ারি ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. পারভীন হাসান, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. আতাউর রহমান মিয়াজী এবং বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক মমতাজুর রহমান তরফদারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং এই শিক্ষাবিদের স্মৃতি রক্ষার্থে ট্রাস্ট ফান্ড গঠন করায় অধ্যাপক ড. পারভীন হাসানকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উপাচার্য বলেন, এই বৃত্তি বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা অর্জন করে সামনে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

# ‘মোহসেন আরা বেগম ট্রাস্ট ফান্ড’ গঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ‘মোহসেন আরা বেগম ট্রাস্ট ফান্ড’ গঠন করা হয়েছে। এই লক্ষ্যে মোহসেন আরা বেগমের জ্যেষ্ঠ পুত্র ডা. জুনায়েদ শফিক ২০ লক্ষ টাকার একটি চেক গত ৫ ফেব্রুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের কাছে হস্তান্তর করেন। এই ট্রাস্ট ফান্ডের মাধ্যমে একটি স্মারক বক্তৃতা এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থীদের বৃত্তি দেয়া হবে।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আতাউর রহমান মিয়াজীর সভাপতিত্বে উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভাগীয় অধ্যাপক ড. মুহাম্মদ ইব্রাহিম, অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী এবং দাতা পরিবারের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহসেন আরা বেগমের ছোটবোন নুরুন্নাহার বেগম, কনিষ্ঠ পুত্র জোহায়ের শফিক, মালয়েশিয়ার ইসলামিক ইউনিভার্সিটির অধ্যাপক ফারহাত আনোয়ার, সাইয়ারা শেহনাজ প্রমুখ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অনুদানের জন্য দাতাদের ধন্যবাদ জানিয়ে বলেন, পরিবারের স্মৃতি ধরে রাখা সন্তানদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। মায়ের স্মৃতি ধরে রাখতে এই উদ্যোগ পারিবারিক মূল্যবোধের বহিঃপ্রকাশ। এই মূল্যবোধটি সমাজে যত বিকশিত হবে ততই সমাজ এগিয়ে যাবে। বিশ্ববিদ্যালয়ের মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীরা এধরনের উদ্যোগের মাধ্যমে উপকৃত হবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, মোহসেন আরা বেগম পঞ্চাশের দশকে ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী ছিলেন। পরবর্তী কালে তিনি সরকারী কলেজের অধ্যাপক ও সরকারের উপসচিব ছিলেন।

# ‘ড. মালিহা খাতুন-মুহাম্মদ নুরুল হুদা ট্রাস্ট’ বৃত্তি পেলেন ৬ শিক্ষার্থী



ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান, গণিত ও রসায়ন বিভাগে ১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত অস্বচ্ছল ও মেধাবী ৬জন শিক্ষার্থী ‘ড. মালিহা খাতুন-মুহাম্মদ নুরুল হুদা ট্রাস্ট’ বৃত্তি লাভ করেছে। গত ৬ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তিপ্রাপ্তরা হলেন পদার্থ বিজ্ঞান বিভাগের- মো. মেহেদী ফয়সাল ও তাসনিমা বেগম, গণিত বিভাগের মোছাঃ ফজিলা খাতুন কেয়া ও মো. আশিকুর রহমান এবং রসায়ন বিভাগের মোহাম্মদ হুসাইন ও মো. শাহরিয়ার কবির টিপু। বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা ড. মালিহা খাতুনের জামাতা মুহাম্মদ নুরুল হুদা, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছাত্তার, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমান এবং বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই ধরণের কার্যক্রমকে সব সময়ই স্বাগত জানায়। তিনি ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি করার আগ্রহ প্রকাশ করায় দাতাকে ধন্যবাদ জানান। বৃত্তিপ্রাপ্তরা এই বৃত্তির সদ্ব্যবহার করে ভবিষ্যতে প্রতিষ্ঠিত হয়ে অন্য শিক্ষার্থীদের সাহায্যে এগিয়ে আসবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

# সৈয়দ ইমতিয়াজ আহমেদ স্মারক বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে মাস্টার্স শ্রেণিতে অধ্যয়নরত ২ জন মেধাবী শিক্ষার্থী বিএসএস (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ ও দ্বিতীয় সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী ‘সৈয়দ ইমতিয়াজ আহমেদ স্মারক বৃত্তি’ লাভ করেছে। গত ৭ ফেব্রুয়ারি ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো. তানভীর হাবিব ও রাফিত মাহবুব আহমদ। বৃত্তি প্রদান অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. রাশেদ উজ জামান এবং অধ্যাপক ড. লাইলুফার ইয়াসমিন উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, সৈয়দ ইমতিয়াজ আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী শিক্ষক ছিলেন। তার জীবনে লক্ষনীয় কর্মচঞ্চলতা ও গতিশীলতা ছিল। বৃত্তিপ্রাপ্তদের উদ্দেশ্যে উপাচার্য আশা প্রকাশ করে বলেন, তোমরাও সবসময় সততা ও নৈতিক মূল্যবোধ নিয়ে কর্মচঞ্চল ও গতিশীল জীবন যাপন করবে।



**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক** (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫